

রাইফেলস পাবলিক স্কুল ও কলেজে ছাত্র- বেতন বৈষম্য

নগরীর পিলখানায় বিডিআর-এর সদর দপ্তরের নেনং গেইট সংলগ্ন রাইফেলস পাবলিক স্কুল ও কলেজটি স্থাপিত। শিক্ষা প্রতিষ্ঠানটির নামের সহিত যদিও পাবলিক অর্থাৎ জনসাধারণ বা বেসামরিক শব্দটি যুক্ত করিয়া ইহাকে সুশীল সমাজের জন্য অব্যাহতি করা হইয়াছে; কিন্তু শিক্ষা সেবার মূল্যের ক্ষেত্রে বিডিআর ও সর্বসাধারণের সন্তানদের মাঝে বিশাল বৈষম্য বিদ্যমান। এখানে বিডিআর ও সিভিলিয়ান দুই শ্রেণীভুক্ত ছাত্র ভর্তি ক্ষিতে যথাক্রমে প্রায় চার গুণ পরিমাণ বৈষম্য, ছাত্রবেতনও প্রায় তদ্রূপ। দেশের একটি শিক্ষা প্রতিষ্ঠানে এইরূপ পর্বতপ্রমাণ বৈষম্যমূলক শিক্ষা খরচ ব্যবস্থা কোন গণতান্ত্রিক সুশীল সমাজে কোন প্রকারেই গ্রহণযোগ্য হইতে পারে না। বিশেষভাবে প্রতিষ্ঠানটিতে শিক্ষারত কোমলমতি ছাত্র-ছাত্রীদের মনে এইরূপ বৈষম্যমূলক অত্যন্ত পীড়াদায়ক ব্যবস্থা আমাদের আগামী প্রজন্মের মাঝে কেবল বর্ণ-বৈষম্যের বিষবৃক্ষ রোপণেই প্রেরণা যোগাইবে, যাহা প্রজাতন্ত্রের পবিত্র সংবিধান পরিপন্থীও বটে! দেশে গত প্রায় ৮ বছর যাবৎ গণতান্ত্রিক পন্থায় নির্বাচিত সরকার বিদ্যমান থাকা অবস্থায় প্রতিষ্ঠানটিতে উক্ত রূপ হৈরতান্ত্রিক যথেষ্ট বৈষম্যমূলক ব্যবস্থা কিভাবে বহাল থাকিতে পারে তাহা বোধগম্য নহে। এই বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আশু দৃষ্টি আকর্ষণসহ বর্ণিত বৈষম্যমূলক ব্যবস্থার চির অবসান প্রার্থনা করিতেছি।

- জনৈক অভিভাবক

০১